I-2539 40Rs. 72

चालीस रुपया

भारत
INDIA

४०रु.

40RS

FORTY RUPEES

WEST BENGAL INDIA 10 10

Chargeable under Regn. Act 21 and also u/s 5 of the West Bengal L.R. Act 1955, duly stamped (Exempted from stamp duty under the Indian Stamp Act 1899 as amended in 1964 Schedule 1 No. 23

Process Fee

Paid in C. F. 1/80

Fee Paid

A 13/50
N 2/50
16/—

District Sub-Registrar
Alipur, 24 Pgs.
31.3.95

Dilip Kumar Ghosh

মং ১৫০০'০০ এক হাজার পাঁচশত টাকা পণ মূল্যের

সাফ বিক্রয় কোবালা ।

কোবালা গ্রহিতা ঃ-

শ্রী সুবোধ কুমার বিশ্বাস,
পিতা মৃত বিপিন বিহারী বিশ্বাস,
জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিম
২ নং রাজডাঙ্গা রোড, থানা
যাদবপুর, জেলা ২৪ পরগণা ।

কোবালা দাতা ঃ-

শ্রী দিলীপ কুমার ঘোষ, পিতা
শ্রী মনীন্দ্র নাথ ঘোষ, জাতি হিন্দু,
পেশা চাকুরী, সাকিম ২৫বি
নকুলেশ্বর ভট্টাচার্য্য লেন, থানা
টালিগঞ্জ, জেলা ২৪ পরগণা,
কলিকাতা - ২৬ ।

কস্য রায়ত মোকররী স্বত্বের ডাঙ্গা জমি বৃক্ষাদি মায়

ছিটে বেড়ার দেওয়াল ও টালির ছাউনী যুক্ত মায় সাজপাট ঘর ও ১টি ইলেকট্রিক

20Rs. (73)



Dilip Kumar Ghosh.

ইলেকট্রিক মিটার ঘর মায় যাবতীয় ইজমেন্ট স্বত্ব সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও খাস অবস্থায় বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ, হাল যাদবপুরের এলাকাধিন সাবরেজিষ্ট্রী আলিপুরের অনুর্গত কশবা ঢাকুরিয়া অঞ্চল পঞ্চায়েতের এলাকা ভুক্ত জে, এল, নং ১৩ মৌজা কশবা ডাক রাজ ডাঙ্গা গ্রামে ১৪৫ নং তৌজি ভুক্ত হাল মালেক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে জেলা ২৪ পরগণার কালেক্টারের অধিনে রায়ত মোকররী স্বত্বের ৪০২ নং খতিয়ানের অনুর্গত ২.৪০ একর জমির কাত বার্ষিক খাজনা ৬৸৵০ টাকা জমি জমার মধ্যে ২৭৩৮ নং দাগে .০৮ শতক, ২৭৩৯ নং দাগে .০৬ শতক ও ২৭৪২ নং দাগে .৭৭ শতক, একুনে .৯১ শতক জমি জমা উহার তৎকালীন মালেক ধীরেন্দ্র নাথ ঘোষ দিগরের নিকট হইতে আমার বায়া শ্রী প্রবোধ রঞ্জন বসু রায় চৌধুরী ইং ২৭।৪।৫৬ তারিখে রেজিষ্ট্রী যুক্তসাফ বিক্রয় কোবালা মুলে খরিদ করিয়া মালেক সরকারে খাজনাদি আদায়ে

আদায়ে সম্পূর্ণ খাসে ও অন্যের বিরুদ্ধ স্বত্বে নির্ব্বিবাদে ষোল আনার মালেক স্বরূপে দখলিকার থাকেন। তাঁহার উক্ত খরিদা কোবালা আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১৯৫৬ সালের ১ নং বহি, ৬৪ নং ভল্যুমে ২০৯ হইতে ২১৩ নং পাতায় ৩৪০৫ নং দলিল রূপে লিপিকৃত আছে। তিনি উক্ত সম্পত্তি বিক্রয় করিবার জন্য উহার উন্নতি সাধন করিয়া একটি স্কীম প্রস্তুত করিয়া ২০´ ফুট প্রশস্ত কমন প্যাসেজ করিয়া উহা ভিন্ন ভিন্ন প্লটে বিভক্ত করিয়া সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও খাস অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে তাঁহার নিকট হইতে তাঁহার উক্ত স্কীমের পি ১৪, পি ১৫ ও পি ১৬ নং প্লট ভুক্ত মোট ।৪।।৩৩´ নয় কাঠা আট ছটাক তেত্রিশ স্কোয়ার ফিট জমি যাহা আমার খরিদা কোবালার সহিত সংলগ্ন প্ল্যানে লাল রেখার দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত আছে তাহা তাঁহার নিকট হইতে ইং ২৯।৯।৭৩ তারিখে রেজিষ্ট্রীযুক্ত সাফ বিক্রয় কোবালা মূলে খরিদ করিয়া খাসে দখলিকার হই। এবং আমার উক্ত খরিদা কোবালা আলিপুরের ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিসে সন ১৯৭৩ সালের ১ নং বহি, ১৪৮ নম্বর ভল্যুমে ১৮৮ নং হইতে ১৯৪ নং পাতায় ৫৩২০ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। আমার উক্ত খরিদা জমির মধ্যে ১৬ নং প্লট ভুক্ত ৴৪৸৶৩০´ চারি কাঠা পনের ছটাক ত্রিশ স্কোয়ার ফিট জমির মধ্যে পশ্চিমাংশে চিহ্নিত ৴২ দুই কাঠা জমি ইং ১৩।২।৭৪ তারিখে রেজিষ্ট্রীযুক্ত সাফ বিক্রয় কোবালা মূলে কল্যান কুমার ভট্টাচার্য্য কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হইয়াছি। এবং উক্ত বিক্রিত জমি উক্ত কোবালার সহিত সংলগ্ন প্ল্যানে লাল রেখার দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত হইয়া প্লট ১৬।১ নং

D. K. Ghosh.

Dilip Kumar Ghosh

নং বলিয়া উল্লিখিত আছে। আমার উক্ত খরিদা ।৪।।৩৩ নয় কাঠা আট ছটাক তেত্রিশ স্কোয়ার ফিট জমির মধ্যে উক্ত বিক্রিত ৴২ কাঠা জমি বাদে বক্রি অবিক্রিত জমি মায় কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্ব সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে আমি উক্ত অবিক্রিত সম্পত্তির মধ্যে নিম্নের তপশীলের বর্ণিত ও চৌহদ্দিস্থিত ও এতদ সংলগ্ন প্ল্যানের লাল রেখার দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত ৴২।০ দুই কাঠা চারি ছটাক জমি মায় কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্ব আপনি সর্ব্বোচ্চ বাজার মূল্য বেলমোক্তা মবলগে ১৫০০˙০০ এক হাজার পাঁচশত টাকা পণে খরিদ করিতে সম্মত হইলে আমি তাহাতে স্বীকৃত হইয়া পণের সমুদয় টাকা নিম্নের জায়মত আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া ও এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে ও নিম্নের তপশীলের বর্ণিত ও চৌহদ্দিস্থিত ও এতদ সংলগ্ন নকসায় লাল রেখার দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত ৴২।০ দুই কাঠা চারি ছটাক জমি মায় বৃক্ষাদি ও গৃহাদি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্ব বেলমোক্তা ১৫০০˙০০ এক হাজার পাঁচশত টাকা পণে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে আপনাকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে এক কালীন নিঃস্বত্ব হইলাম ও উহাতে আপনাকে অদ্যই খাস দখল দিলাম। অদ্য হইতে উক্ত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, লভ্য, হক, হকিয়ত অধিকার বা দাবী দাওয়া ছিল তাহা আমার হইতে সম্পূর্ণ রূপে বিলুপ্ত হইয়া আপনায় বর্ত্তিল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ভোগবান ও দখলিকার হইয়া দান, বিক্রয়, বন্ধক ও যাবতীয়

যাবতীয় হস্তান্তর ও রূপান্তর করণের মালেক হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন, তাহাতে কস্মিন কালে আমি বা আমার ওয়ারেশ স্থলাভিষিক্তগণ কোন রূপ ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না, এবং করিলেও তাহা সর্ব্বত্র বাতিল ও নামঞ্জুর হইবেক। আমি এতদ্বারা স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে, অ দলিল মূলে বিক্রিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা কোন রূপে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই, বা করা নাই, বা উহা কোন আদালত হইতে ক্রোক বা নিলাম বিক্রয় হয় নাই, বা উহা আপনার ভিন্ন অন্য কাহারও সহিত বিক্রয়ের চুক্তি করি নাই, বা উহা কোন দেব সেবায় অর্পিত হয় নাই, বা আমি ঐ জমি সম্বন্ধে কাহারও বেনামদার নাই, বা উহা কোন জামিনেতে আবদ্ধ নাই, বা কালেক্টার বা ইপ্রুভমেন্ট ট্রাষ্ট কর্ত্তৃক গৃহিত হয় নাই, বা হইবার জন্য কোন নোটীশ হয় নাই, বা উহা কোন প্রজা বা বর্গাদারকে বিলি বন্দোবস্ত দেওয়া নাই। উহা সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও খাস অবস্থায় আমার দখলে থাকা কালীন আপনাকে বিক্রয় করিলাম।। আপনি অত্র সাফ বিক্রয় কোবালা মূলে পশ্চিম বঙ্গ সরকারের নিজ নাম পত্তন পূর্ব্বক করাদি আদায় দিতে পারিবেন, তাহাতে আমার কোনরূপ আপত্তি রহিল না।

আমি এতদ্বারা আরও স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে, উপরোক্ত উক্তি সকল বা তন্মধ্যে কোনও একটি উক্তি মিথ্যা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব দখলের কোনরূপ বিঘ্ন উপস্থিত হইলে আমি পণের সমুদয় টাকা মায় সুদ

Dilip Kumar Ghosh (77)

সুদ আপনাকে ফেরত দিতে ও আপনার যাবতীয় ক্ষতি পুরণ করিতে বাধ্য রহিলাম ।

অত্র দলিলে কোন রূপ ভুল চুক থাকা প্রকাশ পাইলে আপনার নিকট হইতে আর কোন পণ না লইয়া আপনার খরচায় সংশোধন দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

অত্র দলিলের পোষকার্থে আমার উক্ত খরিদা কোবালা আপনার পুত্রগণকে অর্পন করিয়াছি, তবে আমার যে খরিদা উপরোক্ত সম্পত্তির মধ্যে আপনার পুত্রগণকে ও কল্যান কুমার ভট্টাচার্য্যকে বিক্রিত ব্যতিত বক্রিযব জমি মায় গৃহাদি সুবৃক্ষাদি আমার আছে তাহা আমি অত্র দলিল মূলে আপনাকে বিক্রয় করিলাম । আপনার প্রয়োজন মত আমার উক্ত বিক্রয় কোবালা আপনার উক্ত পুত্র গণের নিকট হইতে দেখিতে পারিবেন, এবং ঐ সর্ত তাহাদের খরিদা কোবালায় উল্লেখ আছে ।

D. K. Ghosh.

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম ও ফলাফল রীতিমত অবগত হইয়া পণের সমুদয় টাকা নিম্নের ন্যায়মত আপনার নিকট হইতে নগদ বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন ১৩৮১ সালের ১৭ই চৈত্র , ইংরাজী সন ১৯৭৫ সালের ৩১শে মার্চ ।

তপশীল চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ- প্রণব মুখার্জ্জির জমি এবং ১৭ নং প্লটের জমি ।

দক্ষিণে ঃ- ২৫´ ফুট প্রশস্ত ইউনিয়ন বোর্ডের রা এবং অদ্য তারিখে সঞ্জীব বিশ্বাস দিগরের খরিদা জমি ।

পূর্ব্বে ঃ- পাঁচু নস্করের জমি ।

পশ্চিমে ঃ- শ্রী কল্যান কুমার ভট্টাচার্য্য ও অদ্য তারিখে সঞ্জীব বিশ্বাস দিগরের খরিদা জমি ।

তপশীল টাকার জায় ঃ-

অদ্য তারিখে -

১০০´০০ একশত টাকার নোট হিসাবে ১৫ কেতা - ১৫০০´০০ টাকা

মোট - ১৫০০´০০ টাকা মাত্র

মবলগে এক হাজার পাঁচশত টাকা বুঝিয়া পাইলাম ।

Dilip Kumar Ghosh.

ইসাদী ঃ-

Manindranath Sen

25 B Nakuleswar Bhattacharjee Lane

Cal 26

Durgapada Bose

16/2 Telipara Lane

Calcutta - 31

টাইপকারক ঃ-

আলিপুর পুলিস কোর্ট,

কলিকাতা - ২৭।

Dilip Kumar Ghosh (79)